রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং 02/ শিক্ষা/ ভর্তি- 2025/ ৬৫৯ তারিখ : ২৪/০৮/২০২৫
Ref. No. Date:

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে GST গুচ্ছভূক্ত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, GST গুচ্ছভূক্ত ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ইসলামী বিশ্ববিদ্যালয়ে A, B, ও C ইউনিটের মোট ৫৮ টি শূন্য আসন পূরনের লক্ষ্যে GST এর কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২৫/০৮/২০২৫ তারিখ ও ২৬/০৮/২০২৫ তারিখের সাক্ষাতকারে স্ব-শরীরে উপস্থিত হয়ে যে সকল শিক্ষার্থী বিষয় প্রাপ্ত হয়েছে এবং আভ্যন্তরীন মাইগ্রেশনপ্রাপ্ত হয়েছে তাদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://admission.iu.ac.bd) এ প্রকাশিত ফলাফল অনুযায়ী আগামী ২৭/০৮/২০২৫ তারিখ (অফিস চলাকালীন সময়ের মধ্যে) সকাল ১০.০০টা হতে বিকাল ৪.০০টার মধ্যে নিম্নোক্ত তফসিল অনুসারে চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**তফসিল :**

**১। ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :**

GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ২৫-০৮-২০২৫ তারিখ ও ২৬-০৮-২০২৫ তারিখের সাক্ষাতকারে উপস্থিত হয়ে মেধা তালিকা ও পছন্দক্রম অনুসারে বিভাগপ্রাপ্ত হয়েছে সে সকল শিক্ষার্থীদেরকে আগামী ২৭-০৮-২০২৫ তারিখ অফিস চলাকালীন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রাপ্ত বিভাগ হতে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করত : ভর্তি ও আনুষাঙ্গিক ফি জমাদান রশিদ বই সংগ্রহ করে অগ্রণী ব্যাংক পি,এল,সি ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি ফরমে বিভাগীয় সভাপতি, ডিন ও হল প্রভোষ্টের স্বাক্ষরসহ একাডেমিক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দিয়ে চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। শিক্ষার্থীগণ যে বিভাগে চূড়ান্তভাবে ভর্তি হবে, বিভাগ উন্নয়ন ফি শুধুমাত্র সেই বিভাগে প্রদান করতে হবে। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীদের পূর্ববর্তী বিভাগে ভর্তির সময় সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আদায়কৃত বিভাগ উন্নয়ন ফি ৩,০০০/= (তিন হাজার) টাকা হতে ১০% অর্থ (৩০০/=তিনশত) টাকা কর্তন করে বিভাগ অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নগদ প্রদান করবে।

**৩। ভর্তি ও আনুষাঙ্গিক ফি ঃ**

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে A ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগসমূহের জন্য ভর্তি ও আনুষাঙ্গিক ফি' ৫,৫৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা পরিবহন ফি ১,৯৬০/= টাকাসহ সর্বমোট ৭,৮৫০/= টাকা। B ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগসমূহের জন্য ভর্তি ও আনুষাঙ্গিক ফি' ৪,০৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা পরিবহন ফি ১,৯৬০/= টাকাসহ সর্বমোট ৬,৩৫০/= টাকা। C ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগসমূহের জন্য ভর্তি ও আনুষাঙ্গিক ফি' ৪,৫১০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকোভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ১,৯৬০/= টাকাসহ সর্বমোট ৬,৮৩০/= টাকা, ডীন অফিস ফি' ২৫০/= টাকা, সকল বিভাগের জন্য 'বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/= টাকা ও অনাবাসিক শিক্ষার্থীদের হল সংযুক্তি ও আনুষাঙ্গিক ফি'বাবদ ৯১৫/=(নয়শত পনের) টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক পিএলসি ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**৪। মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদের করণীয় ঃ**

GST গুচ্ছভূক্ত ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ইসলামী বিশ্ববিদ্যালয়ের A, B, ও C ইউনিটে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থী আভ্যন্তরীন মাইগ্রেশন প্রাপ্ত হয়েছে তাদেরকে আগামী ২৭-০৮-২০২৫তারিখ অফিস চলাকালীন সকাল ১০.০০টা হতে বিকাল ৪.০০টার মধ্যে প্রাপ্ত বিভাগ হতে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযতভাবে পূরণকরত বিভাগীয় সভাপতি ও সংশ্লিষ্ট ডিন মহোদয়ের স্বাক্ষরসহ একাডেমিক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীদের পূর্ববর্তী বিভাগে ভর্তির সময় সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আদায়কৃত বিভাগ উন্নয়ন ফি ৩,০০০/= (তিন হাজার) টাকা হতে ১০% অর্থ (৩০০/=তিনশত) টাকা কর্তন করে বিভাগ অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নগদ প্রদান করবে।

এছাড়াও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে (ক) পাসপোর্ট আকারের সত্যায়িত ২(দুই) কপি ছবি। (খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি। (গ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি (ঘ) পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (ঙ) অভিভাবকের আয়ের সনদ। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রত্যেকের ভর্তি ফরমের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে এবং এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট ইউনিট সমন্বয়কারীর স্বাক্ষরিত একনলেজমেন্ট স্লিপের ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

উল্লেখ্য, এছাড়াও শিক্ষার্থীদের দাখিলকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসা পত্র ও সনদ পত্র (যে কোন ধরণের সনদ পত্র) ইত্যাদি অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করা হবে।

M. Haque
24.08.25
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামীবিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

CS CamScanner